

শেখ হাসিনার মমতা
বয়স্কদের জন্য নিয়মিত
ভাতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজ সেবা কার্যালয়, ঝিনাইদহ



স্মারক নম্বর: ৪১.০১.৪৪০০.০০০.৪৮.০০১.১৯.৬৫

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯

২৭ সেপ্টেম্বর ২০২২

বিষয়: সরকারি বাক ও শ্রবণ প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়, ঝিনাইদহের বিভিন্ন রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১৭.০৮.২০২২ খ্রি. তারিখে বিভাগীয় পরিচালক, খুলনা মহোদয়ের সরকারী বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শনকালীন নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, সরকারি বাক ও শ্রবণ প্রতিবন্ধী আবাসিক বিদ্যালয়, ঝিনাইদহের বিভিন্ন রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক অর্থবছর ভিত্তিক প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো:

২০১৯-২০ অর্থবছরঃ

১। ২০১৯-২০ অর্থবছরে আউটসোর্সিং জনবলের সাকুল্য বেতন বাবদ বরাদ্দ ছিল ৭৫০০০০/- টাকা (সংযোজনী- ০১)। সেপ্টেম্বর/১৯ হতে জানুয়ারী/২০ পর্যন্ত ৭ জন এবং ফেব্রুয়ারী/২০ মাসে ৪ জনের সর্বমোট বেতন ও ভ্যাটসহ পরিশোধ করা হয়েছে ৭৩৯৮১৪/- টাকা। ফলে এ অর্থবছরের জুন পর্যন্ত বেতন বাবদ ৫৬৯৫২৯ টাকা বকেয়া থাকে। ২০২০-২১ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দ হতে উক্ত বকেয়া বেতন পরিশোধ করা হয়।

২। ৫২ নং বিলে ৫৭৬৬/-, বিল রেজিস্ট্রারে ৪৮১৮/- : এবং বরাদ্দকর্তন রেজিস্ট্রারে ৪৯৫৮ টাকা, রেজিস্ট্রার গুলোতে ৮ টাকার অংকে গড়মিল দেয়া যায়। এবিষয়ে সংশ্লিষ্ট কর্মচারী লিখতে ভুল হয়েছে বলে জানায়। ভুল সংশোধন করার জন্য তাকে নির্দেশনা দেওয়া হয়।

২০২০-২১ অর্থবছরঃ

১। ২০২০-২১ অর্থবছরে আউটসোর্সিং জনবলের সাকুল্য বেতন বাবদ বরাদ্দ ১৫০০০০০/- টাকা (সংযোজনী- ০২)। এ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দ হতে ২০১৯-২০ অর্থবছরের আউটসোর্সিং কর্মচারীদের বকেয়া বেতন বাবদ ৫৬৯৫২৯/- টাকা পরিশোধ করা হয় এবং ২০২০-২১ অর্থবছরে বকেয়া থাকে ৫৯৭৭৩৪ টাকা যা ২০২১-২২ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দ হতে প্রদান করা হয়।

২। অফিস ক্যাশবুকে ১৯টি বিলের ক্ষেত্রে ভ্যাট ও চালানের অর্থ লেখা হয়নি। সংশ্লিষ্ট কর্মচারী ভুলে লেখা হয়নি বলে জানায় এবং

দুত ক্যাশবুক হালনাগাদপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩। সাকুল্য বেতন প্রদানের ক্ষেত্রে ঠিকাদারের ৫% সার্ভিস চার্জ হতে ২% আয়কর কর্তনের পর অবশিষ্ট ৩% অর্থের চেক প্রদান করা হয়নি। এরূপ মেয়াদ উত্তীর্ণ ৭টি চেক অফিসে সংরক্ষণ আছে মর্মে দেখা যায়। উল্লেখ্য, ৭টি চেকে মোট টাকার পরিমাণ ৬৬৩৩৯/- (সংযোজনী- ০৩)।

২০২১-২২ অর্থবছর

১। ২০২১-২২ অর্থবছরে আউটসোর্সিং জনবলের সাকুল্য বেতন বাবদ বরাদ্দ ১৪১১০০০/- টাকা (সংযোজনী- ০৪)।

২০২১-২২ অর্থবছর এবং ২০২২-২৩ অর্থবছরের আগস্ট পর্যন্ত সর্বমোট বকেয়া থাকে ৭৬৫০১৫/- টাকা, বরাদ্দ না পাওয়ায়

যা অদ্যবধি প্রদান করা সম্ভব হয়নি।

২। ২০২১-২২ অর্থবছরের ৮২ নং বিল বরাদ্দ রেজিস্ট্রারে ১১৩৮০/- এবং ক্যাশ বুক ১০৩২০/- টাকা দেখা যায়, রেজিস্ট্রারে টাকার অংক ভুল লেখা আছে মর্মে প্রতীয়মান হয়। সংশ্লিষ্ট কর্মচারীকে সংশোধনপূর্বক সঠিকভাবে লেখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩। আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে কোটেশন এড়ানোর জন্য মেসার্স পাবনা বেডিং এন্ড ফোম হাউজ হতে ৩০০০/- টাকার ১টি ভাউচার এবং খোন্দকার ফার্ণিচার হতে একই ধনগের আসবাবপত্র ০৩.০৪.২২ এবং ১৪.০৪.২২ খ্রি. ২টি ভাউচারের মাধ্যমে যথাক্রমে (২৩৫০০+২৩৫০০) বা ৪৬০০০/- টাকার **Splitting Purchase** করা হয়েছে মর্মে পর্যালোচনাকালীন প্রতীয়মান হয়। (সংযোজনী- ০৫)

এমতাবস্থায়, গত তিন অর্থবছরের কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ করা হল।



২৭-৯-২০২২

মোঃ আব্দুল লতিফ সেখ

উপ পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,
সমাজসেবা অধিদফতর, খুলনা
- ২) প্রধান শিক্ষক, সরকারী বাক ও শ্রবন প্রতিবন্ধি
আবাসিক বিদ্যালয়, ঝিনাইদহ।